# মির্জা ফখরুলের ভিডিও শেয়ার, পদ হারালেন ফরিদপুর জেলা ছাত্রদল নেতা



সংগৃহীত ছবি

ফরিদপুর জেলা ছাত্রদলের এক নেতা বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের একটি ভাইরাল ভিডিও নিজের ফেসবুকে শেয়ার করার কারণে তার পদ থেকে অব্যাহতি পেয়েছেন। রোববার (১৬ নভেম্বর) ছাত্রদলের দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এ বিষয়টি জানানো হয়।

বহিষ্কৃত নেতার নাম খাইরুল ইসলাম ওরফে রোমান (৩২)। তিনি ফরিদপুর জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন। ২০১৮ সালে সরকারি রাজেন্দ্র কলেজ ছাত্র সংসদের নির্বাচনে ছাত্রদলের প্যানেল থেকে ভাইস প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন, কিন্তু নির্বাচনে জয় লাভ করতে পারেননি। রোমান ভাঙ্গা উপজেলার বাসিন্দা।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগের ভিত্তিতে তাকে তার পদসহ সকল দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির নাছির এই সিদ্ধান্ত অনুমোদন করেছেন এবং সব পর্যায়ের নেতা-কর্মীকে রোমানের সঙ্গে কোনো ধরনের অফিসিয়াল সম্পর্ক রাখার নির্দেশ দিয়েছেন।

LENS ASIA

খাইরুল ইসলাম রোমান এ বিষয়ে বলেছেন, “মহাসচিবকে নিয়ে একটি পোস্ট দিয়েছিলাম, পরে বুঝতে পেরে সেটি মুছে ক্ষমা চেয়েছি। তারপরও আমাকে বহিষ্কার করা হয়েছে। এখন এ বিষয়ে আর কিছু বলতে চাই না।”

উল্লেখ্য, ভাইরাল হওয়া ভিডিওটি ১১ সেকেন্ডের। এতে মির্জা ফখরুল জনাকীর্ণ একটি ভবনের ভেতরে হাঁটছিলেন। সেখানে উপস্থিত একজন ব্যক্তি এগিয়ে এসে তাঁকে বলেন, “আমাকে চিনছেন নাকি?” এর পর মির্জা ফখরুল তাকে তিরস্কার করেন। ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ে।